

Citizen Charter (সিটিজেন চার্টার)

১. রূপকল্প (Vision):

সার্বজনীন স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য মানসম্মত পাঠদানের মাধ্যমে দক্ষ চিকিৎসক তৈরি করণ।

২. অভিলক্ষ (Mission):

- মানসম্মত স্বাস্থ্য শিক্ষার সুযোগ সম্প্রসারণ।
- মেডিকেল কলেজের ভৌত অবকাঠামো উন্নয়ন ও সম্প্রসারণ।
- ই-লাইব্রেরি/সিমুলেশন ল্যাব প্রতিষ্ঠার মাধ্যমে চিকিৎসা শিক্ষার সুযোগ বৃদ্ধিকরণ।
- নিয়মিত প্রশিক্ষণের মাধ্যমে আধুনিক, বিজ্ঞানসম্মত, দক্ষ চিকিৎসক ও শিক্ষক তৈরীকরণ।
- গবেষণার মাধ্যমে চিকিৎসা সেবার মান উন্নয়ন।

৩. সেবা প্রদান প্রতিশ্রুতি:

ক) শিক্ষা কার্যক্রম।

- মানসম্মত চিকিৎসক তৈরির জন্য শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণ প্রকল্প (Quality Assurance Scheme) ও স্বাস্থ্য শিক্ষা বিকাশ (Medical Education Unit) কার্যক্রম চালু আছে।
- ছাত্র-ছাত্রীদের নিবিড় পর্যবেক্ষণের জন্য প্রতি ১০ জন ছাত্র-ছাত্রীর জন্য ১ জন শিক্ষকের তত্ত্বাবধানে রেখে মেন্টরশিপ ব্যবস্থা চালু আছে।
- ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীদের আবাসন নিশ্চিতকরণ।
- কেন্দ্রীয় গ্রন্থাগারে নতুন নতুন সংস্করণের চিকিৎসা বিদ্যার বই সংযোজন ও পঠনের ব্যবস্থা করণ এবং ছাত্র-ছাত্রীদের ও শিক্ষকদের পড়ার জন্য পৃথক ব্যবস্থা চালু আছে।
- ছাত্র-ছাত্রীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য নিশ্চিত করার জন্য মানসিক স্বাস্থ্য ব্যবস্থা ও বিশেষ স্বাস্থ্য কমিটির মাধ্যমে সেবা প্রদান চালু আছে।
- একাডেমিক কার্যক্রম বহির্ভূত কর্মকান্ডের (খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিতর্ক ইত্যাদি) মাধ্যমে ছাত্র-ছাত্রীদের চিত্রবিনোদনের ব্যবস্থা করা।
- ছাত্র-ছাত্রীদের সিনিয়র কর্তৃক যেকোন নিপীড়ন মূলক আচরণ প্রতিরোধে কলেজে একটি এন্টি রেগিং কমিটি কার্যকর আছে।
- জাতীয় ও আন্তর্জাতিক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন।
- পোস্ট গ্রাজুয়েশন কোর্সের ট্রেনিং কোর্স করার লক্ষে ৫টি বিষয়ে BPCS এর অনুমোদন আছে। বিভাগগুলো হলো – মেডিসিন, সার্জারী, শিশু, গাইনী এন্ড অবস্, কার্ডিওলজি।

খ) নাগরিক সেবাসমূহ:

- মেডিকেল কলেজের ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে জনগণকে অল্প খরচে একই কক্ষে সেন্ট্রাল ল্যাবের মাধ্যমে বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি ও প্যাথলজির টেস্ট করা হয়।
- করোনা মহামারী নিয়ন্ত্রণের জন্য মাইক্রোবায়োলজি বিভাগে RT-PCR LAB এর মাধ্যমে করোনা টেস্ট করা হয়।
- সম্মানিত বীর মুক্তিযুদ্ধাঙ্গণের বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
- মাননীয় আদালতের আদেশক্রমে জেল হাজতের কয়েদীদের বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
- বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের (কর্মকর্তা/কর্মচারী/অবসরপ্রাপ্ত) বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
- সমাজের অসহায় রোগীদের বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।
- অত্র কলেজের ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে রোগ নির্ণয়ের পরীক্ষা করা হয়।

গ) নৈতিকতা কমিটি গঠন:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নির্দেশনায় নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে অত্র কলেজে একটি নৈতিকতা কমিটি গঠন করা আছে।

ঘ) ফরেনসিক মেডিসিন বিভাগে সেবা:

ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) আগত মহিলা ভিকটিমের ধর্ষণ, বয়স নির্ধারণ এবং গর্ভপাত জনিত পরীক্ষা সমূহ মহিলা ডাক্তার দ্বারা এবং পুরুষ/মহিলা ভিকটিমের বলাৎকার, বয়স নির্ধারণ জনিত পরীক্ষা পুরুষ ডাক্তার দ্বারা হাসপাতালের মাধ্যমে কলেজের শিক্ষক দ্বারা সম্পন্ন করা হয় এবং মাননীয় আদালত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিবেদন প্রদান করা হয়।

৪. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি:

- সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে অভিযোগ কমিটির সঙ্গে যোগাযোগ করে অভিযোগ সুনির্দিষ্টভাবে লিখিত আকারে জমা প্রদান করলে অভিযোগ সমাধান করা হয়।
- কোন অভিযোগ সম্পূর্ণ অসত্য এবং কাউকে হয়রানি করা কিংবা অসৎ উদ্দেশ্য করা হয়েছে এই মর্মে প্রমাণিত হলে সংশ্লিষ্ট অভিযোগকারীকে অভিযোগ ব্যবস্থাপনা সেল/কমিটি কালো তালিকাভুক্ত করবেন। এরূপ কালো তালিকাভুক্ত ব্যক্তির নিকট থেকে পরবর্তী সময়ে প্রাপ্ত যেকোন অভিযোগ কর্তৃপক্ষ কর্তৃক বিনা তদন্তে খারিজ করতে পারেন।

৫. সেবা গ্রহিতাদের কাছে আমাদের প্রত্যাশা:

- সেবার অভিযোগ থাকলে নির্ধারিত পদ্ধতিতে অভিযোগ দায়ের তথা অত্র প্রতিষ্ঠানের ডেসপাস শাখা হতে নির্ধারিত ফরম সংগ্রহ করে প্রয়োজনীয় অংশ নির্ভুলভাবে পূরনপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আবেদনের সহিত যুক্ত করে পুনরায় ডেসপাস শাখায় অথবা অভিযোগ বক্সে জমা প্রদান করা।
- আপনার সেবাপ্রাপ্তি বিধি মোতাবেক কিনা/সিটিজেন চার্টার অন্তর্ভুক্ত কিনা যাচাই পূর্বক অভিযোগ করা।
- চিকিৎসা সেবার মনোন্নয়নের জন্য যেকোনো মতামত/সুপারিশ গ্রহণ করা হয়।